আজকের কাগজ
তারিখ 23 JUL 1995
পৃষ্ঠা ২ কলাম ৭

# ৪২টি কলেজ ছাত্রসংসদ নির্বাচনে ছাত্রলীগ (শা-পা) ৩৩টি কলেজে বিজয়ী হয়েছে

নিউজ মিডিয়া ঃ গত আড়াই মাসে অনুষ্ঠিত দেশের ৪২টি কলেজ ছাত্রসংসদ নির্বাচনে ছাত্রলীগ (শা-পা) ৩৩টি কলেজে বিজয়ী হয়েছে। বাকী ৯টি কলেজ পেয়েছে জাতীয়তাবাদী ছাত্রদল, জাসদ সমর্থিত ছাত্রলীগ (কা-চু), ছাত্র ইউনিয়ন ও ছাত্র মৈত্রী। ছাত্রলীগের (শা-পা) সভাপতি এনামুল হক শামীম নিউজ মিডিয়াকে দেয়া সাক্ষাতকারে বলেছেন, এই বিজয়ের মাধ্যমে প্রমাণ হয়েছে বাংলাদেশের ছাত্রসমাজ কারও গদি রক্ষার কাজে ব্যবহৃত হতে চায় না। ছাত্রলীগের কোন বিকল্প নেই।

এনামুল হক শামীম বলেন, জিয়াউর রহমান সংবর্ধনার হিজবুল বাহারে মেধাবী ছাত্রদের নিয়ে অস্ত্র তুলে দিয়েছেন। তিনি অভিযোগ করে বলেন, যে ছাত্র হতে পারতো বিশ্ববিদ্যালয়ের প্রভাষক সে হয়েছে অস্ত্রবাজ। খালেদা জিয়া একইভাবে ছাত্রদের তার গদি রক্ষার কাজে ব্যবহার করেছেন। খালেদা জিয়া শাপলা চত্বরে বিরোধী দলকে ঠেকানোর জন্যে ছাত্রদলকে নির্দেশ দিয়েছিলেন।

ছাত্রলীগ (শা-পা) সভাপতি সারাদেশের যেসব কলেজে তার সংগঠন বিজয়ী হয়েছে, তার একটি তালিকা তুলে ধরেন। এর মধ্যে রয়েছে-জামালপুর আশেক মাহমুদ বিশ্ববিদ্যালয় কলেজ, মাদারীপুর নাজিম উদ্দিন কলেজ, নেত্রকোনা সরকারি কলেজ, চট্টগ্রাম আইন কলেজ, চট্টগ্রাম কমার্স কলেজ, সিলেট কলেজ, ভুয়াপুর ইব্রাহিম খা বিশ্ববিদ্যালয় কলেজ, গাজিপুর ভাওয়াল বদরে আলম বিশ্ববিদ্যালয় কলেজ, কোম্পানীগঞ্জ কলেজ, বগুড়া শাহ সুলতান কলেজ, ধানুট কলেজ, গাইবান্ধা কলেজ, রংপুর পীরগঞ্জ কলেজ, চাঁদপুর বিশ্ববিদ্যালয় কলেজ, চাঁপাই নবাবগঞ্জের ২টি কলেজ, নাড়িয়া সরকারি কলেজ, ভাঙ্গা সরকারি কলেজ, মানিকগঞ্জ দেবেন্দ্র কলেজ, চট্টগ্রাম সিটি কলেজ, কিশোরগঞ্জ কটিয়াদি কলেজ। এছাড়া আরও ১০টি কলেজে ছাত্রলীগ বিজয়ী হয়েছে।